



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 খাদ্য অধিদপ্তর
 চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
 খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৮২৫

তারিখ: ২ শ্রাবণ ১৪২৬

১৭ জুলাই ২০১৯

বিষয়: রেল, সড়ক ও নৌপথে মোট ৮৯০০ মে.টন আমন'১৮-১৯ সিদ্ধ চালের চলাচল সূচি।

উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে জানানো যাচ্ছে, চলতি বোরো/২০১৯ সংগ্রহ মৌসুমে কৃষকদের নিকট হতে দ্বিতীয় পর্যায়ে ধান সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে এবং আসন্ন ঈদুল আযহা উপলক্ষ্যে ভিজিএফসহ বিভিন্ন খাতে আগস্ট/১৯ মাস পর্যন্ত বিতরণের জন্য রেল, সড়ক ও নৌপথে মোট ৮৯০০ মে.টন আমন'১৮-১৯ সিদ্ধ চালের চলাচল সূচি নির্দেশক্রমে জারি করা হলোঃ

রেল পথে চালের চলাচল সূচিঃ

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রাট্টি	ঠিকাদারি প্রতিষ্ঠান	মন্তব্য
১.	নৌলফামারী	সৈয়দপুর	খুলনা	৪/৭নং ঘাট খুলনা	১৩৫০	আমন' ১৮-১৯ সিদ্ধ চাল	রেল	মেসার্স সিলভী ট্রেডার্স	চসনি, খুলনা ৪/৭নং ঘাট হতে নিয়োক্ত এলএসডি সমুহে নৌপথে উপ- সূচি জারি করবেন। জেলা: ভোলা বোরহানউদ্দিন (হিঃতজুমুদ্দিন)-৬০০ মে.টন লালমোহন-৩০০ জেলা: পিরোজপুর মঠবাড়িয়া-৩০০ মে.টন জেলা: খুলনা খুলনা সিএসডি-১৫০ মে.টন

২.	ঞ	নীলফামারী	ঞ	খুলনা সিএসডি (৪/৭নং ঘাটের মাধ্যমে)	১৩৫০	ঞ	ঞ	ঞ	
				মোট=	২৭০০				

সড়ক পথে চালের চলাচল সূচিঃ

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র		প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র		পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	পাবনা	মুলাডুলি	সিএসডি	চাঁদপুর	হাজীগঞ্জ	এলএসডি	৩০০	আমন' ১৮-১৯ সিন্ধ চাল	সড়ক	চসসা বিভাগ উপ-সূচি জারি করবেন।
২.	ঞ	ঞ	"	লক্ষ্মীপুর	রায়পুর	"	২০০	ঞ	ঞ	
৩.	ঞ	ঞ	"	বরিশাল	বাবুগঞ্জ	"	২০০	ঞ	ঞ	
৪.	ঞ	ঞ	"	ফরিদপুর	নগরকান্দা	"	৫০০	ঞ	ঞ	
৫.	ঞ	ঞ	"	ঞ	সদরপুর	"	৫০০	ঞ	ঞ	
৬.	ঞ	ঞ	"	মাদারীপুর	শিবচর	"	৩০০	ঞ	ঞ	
						মোট=	২০০০			

নগরবাড়ি ঘাটের মাধ্যমে নৌপথে চালের চলাচল সূচিঃ

ক্র. নং	প্রেরক জেলা	মাধ্যম	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	পাবনা	নগরবাড়ি ঘাট	পটুয়াখালী	খেপুপাড়া	এলএসডি	৬০০	আমন' ১৮-১৯ সিন্ধ চাল	নৌ জেখানি, পাবনা নিম্নোক্ত খাদ্য গুদাম হতে নগরবাড়ি ঘাটে পরিবহণ করাবেন। জেলা পাবনা : মুলাডুলি সিএসডি-৮২০০
২.	ঞ	ঞ	বরগুনা	পাথরঘাটা	"	৬০০	ঞ	ঞ
৩.	ঞ	ঞ	পিরোজপুর	কাউখালী	"	৬০০	ঞ	ঞ
৪.	ঞ	ঞ	ঞ	ভান্ডারিয়া	"	৬০০	ঞ	ঞ
৫.	ঞ	ঞ	ঞ	পিরোজপুর	"	৬০০	ঞ	ঞ
৬.	ঞ	ঞ	ঝালকাঠি	ঝালকাঠি	"	৬০০	ঞ	ঞ
৭.	ঞ	ঞ	বরিশাল	বরিশাল	"	৬০০	ঞ	ঞ
					মোট=	৪২০০		
					সর্বমোট=	৮৯০০		

পরিবহণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলি পালনীয়ঃ-

১। সংগৃহীত 'বোরো' ২০১৯ সিন্ধ চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে। এতদবিষয়ে, 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-২৬৫ নং পরিপত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে। এছাড়া ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকে

নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলারকর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পীঠে ডিজিটাল স্টেম্পিলের স্পষ্ট ছাপ দেওয়ার জন্য অনুসরণ করতে হবে।

২। সূচির বিপরীতে প্রেরিতব্য চাল সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) কর্তৃক যাচাইকৃত হতে হবে এবং সংগৃহীত চালের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সু-স্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট জেখানি বিশেষ তদারকি/নজরদারিতে চাল প্রেরণ করতে হবে;

৩। প্রতি ওয়ানগন/ট্রাক/বার্জ এ প্রেরিত চালের বিশেষণ বিবরণীসহ নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে;

৪। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) চাল পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম/সমস্যা উত্তোলন করবেন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং ত্বরিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন;

৫। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না। এলএসডি/সিএসডি'র ওয়ারেন্ট মোতাবেক চাল প্রেরণ করতে হবে;

৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য যে, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না;

৭। ভি-ইনভয়েসে চালের গুণগতমান ও ধরন সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;

১০। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১১। সূচির মেয়াদ আগামী ২৮/০৭/২০১৯ খ্রি: তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।



১৭-৭-২০১৯

উৎপল কুমার সাহা
অতিরিক্ত পরিচালক (চলাচল) (চলতি দায়িত্ব)

বিতরণ :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ
- ২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর বিভাগ
- ৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নীলফামারী, রংপুর।
- ৪) জেলা খাদ্য নিয়ন্ত্রক, পাবনা, রাজশাহী।
- ৫) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক(খাদ্য), খুলনা

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৮২৫/১

তারিখ: ২ শ্রাবণ ১৪২৬

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১৭ জুন ২০১৯

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দণ্ডর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দণ্ডর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) পরিচালক (পরিবহন), পরিচালক (ট্রাফিক)-এর দণ্ডর, বাংলাদেশ রেলওয়ে
- ৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৮) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা বিভাগ
- ৯) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল বিভাগ
- ১০) জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা।
- ১১) জেলা খাদ্য নিয়ন্ত্রক, বরগুনা।
- ১২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, পিরোজপুর।
- ১৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক, পটুয়াখালী।
- ১৪) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঝালকাঠি।
- ১৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ভোলা।
- ১৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল।
- ১৭) ব্যবস্থাপক, , সিএসডি।
- ১৮) ভারপ্রাপ্ত কর্মকর্তা , এলএসডি।



১৭-৭-২০১৯

উৎপল কুমার সাহা
অতিরিক্ত পরিচালক (চলাচল) (চলতি
দায়িত্ব)